রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন: ০৯২১-৬২৪০১, টেলি-ফ্যাক্স: ০৯২১-৬২১৬৯

সূত্র: মাভাবিপ্রবি/রেজি/সংস্থাপন শাখা-০১/এ ১০৬ (পার্ট-০১) (আউট সোর্সিং নিয়োগ ২০২৫/০১)/২০২৪/ ৫৮০(১০) তারিখ: ০৪/০৩/২০২৫

দরপত্র বিজ্ঞপ্তি নং : ওটিএম/আউটসোর্সিং/২০২৪-২০২৫/০১

১	প্রতিষ্ঠানের নাম, বাস্তবায়নকারী সংস্থা ও জনবল সংগ্রহকারী কর্তৃপক্ষ	:	মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।
২	বিষয়	:	মাভাবিপ্রবি-তে ক্যাটাগরি-৫-এর **৬১টি** পদের জন্য রাজস্ব বাজেটের আওতায় আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল সরবরাহ সেবা গ্রহণ।
৩	দরপত্র আহবানের পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি, নন-কনসালটেন্সি সেবা
৪	বাজেট	:	রাজস্ব
৫	সরবরাহকারীর যোগ্যতা ও জনবল সরবরাহের অভিজ্ঞতা	:	বিস্তারিত **www.mbstu.ac.bd** ওয়েব সাইটে রয়েছে।
৬	দরপত্র ক্রয়, দাখিল ও খোলার স্থান	:	রেজিস্ট্রার-এর কার্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।
৭	দরপত্র বিক্রয় শুরুর তারিখ ও সময়	:	০৪ মার্চ, ২০২৫; সকাল ১০:০০ টা
৮	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	২৪ মার্চ, ২০২৫; বিকাল ৩:০০ টা **(ছুটির দিন ব্যতীত)**
৯	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	:	২৫ মার্চ, ২০২৫; দুপুর ১২:০০ টা
১০	দরপত্র খোলার তারিখ ও সময়	:	২৫ মার্চ, ২০২৫; দুপুর ১২:১০ টা
১১	দরপত্র জামানত ও সিডিউল ক্রয়মূল্য	:	দরপত্র জামানত **৯,০০,০০০/-(নয় লক্ষ)** টাকা ও দরপত্র সিডিউলের ক্রয়মূল্য-**২,০০০/-(দুই হাজার টাকা)**। দরপত্র জামানত **কস্ট মেমোর** মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে হিসাব নং-৬০৩০১০১০০৩৬০৪, হিসাবের নাম: **বায়না ও জামানত তহবিল, মাভাবিপ্রবি;** শাখা: সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২-বরাবর জমা দিতে হবে এবং মূল রশিদ সিডিউল জমা প্রদানের সময় দাখিল করতে হবে। দরপত্র সিডিউলের ক্রয়মূল্য **কস্ট মেমোর** মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে হিসাব নং-৬০৩০১০৩০০০০৩৬, হিসাবের নাম: **বিবিধ হিসাব, মাভাবিপ্রবি;** শাখা: সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২-বরাবর জমা দিতে হবে এবং মূল রশিদ সিডিউল ক্রয়ের সময় দাখিল করতে হবে। সিডিউল ক্রয়মূল্য অফেরৎ যোগ্য।
১৫	জনবল সরবরাহের সময় ও চুক্তির মেয়াদ	:	চুক্তি সম্পাদনের ১৫(পনের) দিনের মধ্যে ও চুক্তির মেয়াদ সর্বোচ্চ ০২(দুই) বছর।
১৭	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী	:	রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

প্রতিপালিত বিষয়সমূহ:

০১. বিস্তারিত তথ্য মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.mbstu.ac.bd** এ পাওয়া যাবে।

০২. সিডিউল ক্রয়ের সময় ক্রয়কারীকে অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র (এনআইডি) কার্ড বহন করতে হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে।

০৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিনা নোটিশে দরপত্র বিজ্ঞপ্তি স্থগিত অথবা দরপত্রের যে কোন শর্ত বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন ।

০৪. দরপত্র বিজ্ঞপ্তি ভালভাবে পড়ে ও বুঝে দরপত্র প্রস্তাব প্রদানের জন্য অনুরোধ করা হলো। কাজ প্রাপ্তির জন্য যে কোন সুপারিশ অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে ছুটির দিন ব্যতীত সকাল ১০:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।

ধন্যবাদান্তে,

০৪/০৩/২০২৫

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।

রেজিস্ট্রার-এর কার্যালয়
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোনঃ ০৯২১-৬২৪০১, টেলি-ফ্যাক্সঃ ০৯২১-৬২১৬৯

০১. আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের নিমিত্তে দরপত্রের শর্তাবলী:

১.১ দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে সীলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব **রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২** বরাবর দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র কোন প্রকার বিবেচনা ছাড়াই সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.২ সরবরাহকৃত জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে অর্পিত কাজে নিয়োজিত থাকবে। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ের আগে/পরে এবং সরকারি/সাপ্তাহিক ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে।

১.৩ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর সংশ্লিষ্ট খাতসমূহে বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানকে প্রদেয় মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত আয়কর, ভ্যাট ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১.৪ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের জনবল কর্মস্থলে গরহাজির থাকলে অনুপস্থিতকালীন সময়ের জন্য আনুপাতিক হারে সেবামূল্য কর্তন করা হবে।

১.৫ বর্ণিত জনবল চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট হতে দরপত্রে প্রস্তাবিত সেবামূল্য ব্যতীত অন্য কোন রকম সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

১.৬ নির্বাচিত প্রতিষ্ঠান সরবরাহকৃত জনবলের নিয়োগকারী কর্তৃপক্ষ হবেন এবং সরবরাহকৃত জনবল কোনভাবেই অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত আছে মর্মে দাবি করতে পারবে না।

১.৭ অসুস্থতা বা অসদাচরণের কারণে কোন জনবলকে প্রত্যাহার করার প্রয়োজন দেখা দিলে তার সমান অথবা অধিক যোগ্যতার সমসংখ্যক জনবল দিয়ে প্রত্যাহার করা যাবে। তবে কোন জনবলকে প্রত্যাহারের পূর্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি নিতে হবে।

১.৮ চুক্তির মেয়াদ সর্বোচ্চ **২ (দুই) বছর**। চুক্তির মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে **বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮** দ্বারা নির্ধারণ করবেন এবং সরকারি বাজেটের উপর নির্ভর করবে।

১.৯ চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত **৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের** নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত চুক্তিপত্র দ্বারা **চুক্তিপত্র সম্পাদন** করতে হবে।

১.১০ জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ **কোন কারণ দর্শানো ব্যতিরেকে বা সংগত** কোন কারণ দেখিয়ে **০১(এক) মাসের নোটিশে বাতিল** করতে পারবে।

১.১১ নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে মোট চুক্তিমূল্যের **১০% হারে** নিরাপত্তা জামানত **কস্ট মেমোর মাধ্যমে** সোনালী ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে **হিসাব নং-৬০৩০১০১০০৩৬০৪**, হিসাবের নাম: **বায়না ও জামানত তহবিল, মাভাবিপ্রবি;** শাখা: সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২- বরাবর জমা দিতে হবে যা লভ্যাংশমুক্ত এবং দরপত্র আহবানকারী ও ক্রয়কারীকে চুক্তি স্বাক্ষরের দিন লিখিতভাবে জানাতে হবে। চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর সরবরাহকারীর আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে।

১.১২ আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারীর মাসিক সেবামূল্য ও প্রণোদনা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের কমিশন অর্থ বিভাগ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হবে ।

১.১৩ সরবরাহকৃত কোন জনবলের বিরুদ্ধে আইন বর্হিভূত/রাষ্ট্রের বিরুদ্ধে কোন ধরনের তথ্য প্রকাশের অভিযোগ উঠলে কর্তৃপক্ষ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হবে। তদন্ত কমিটি কর্তৃক অভিযোগ প্রমাণিত হলে সরবরাহকৃত জনবলের আইনানুগ দায়সহ সকল দায় সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে এবং প্রচলিত বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.১৪ সরবরাহকৃত জনবলের ছুটির প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিকট হতে ছুটি নিতে হবে।

১.১৫ **সকল পদে প্রার্থীদের বয়সসীমা ১৮ হতে ৬০ বছর পর্যন্ত।**

১.১৬ **জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর** সনাক্তকরণ নম্বর (TIN) সনদ **থাকতে হবে। জনবল সরবরাহের কাজে ন্যুনতম ০৩ (তিন) বছরের সাধারণ অভিজ্ঞতা থাকতে হবে। বিগত ০২(দুই) বছরে একক কার্যাদেশে ন্যূনতম ১,৫০,০০,০০০/-(এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার সমজাতীয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ট্রেড লাইসেন্স অবশ্যই জনবল সরবরাহ সংক্রান্ত হতে হবে।**

১.১৭ আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে পৃথকভাবে কমিশন/সার্ভিস চার্জ অবশ্যই উল্লেখ করতে হবে।

১.১৮ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১.১৯ নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের সময় পদ সংখ্যা কম/বেশী হতে পারে।

১.২০ জনবল নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে।

১.২১ মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব যোগ্য বলে বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। **পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।**

১.২২ আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত কোন সেবা প্রদানকারীর অদক্ষতার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে এবং ক্ষতিপূরণ দিতে হবে। অন্যথায়, নিরাপত্তা জামানত হতে তা সমন্বয় করা হবে। ক্ষতির পরিমাণ নিরাপত্তা জামানত হতে বেশি হলে সে বিষয়ে প্রচলিত বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.২৩ আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত **চুক্তি যে কোন পক্ষ ০১(এক) মাসের** নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১.২৪ আউটসোর্সিং-এর মাধ্যমে সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে ও সরবরাহকারী প্রতিষ্ঠানের কমিশন/সার্ভিস চার্য সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজ নামীয় ব্যাংক হিসাবে প্রদান করা হবে।

১.২৫ **অন্য কোন আইনে যাহা বলা থাকুক না কেন, শ্রম আইন-২০০৬, আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮, পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ যথাযথভাবে প্রতিপালন করে কার্যাদি পরিচালনা করতে হবে। এ বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে।**

১.২৬ কার্যাদেশ প্রাপ্তির পর তা গ্রহণ করা/চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে। কার্যাদেশ প্রাপ্তির পর সেবা প্রদানকারী প্রতিটি ব্যক্তির পুলিশ ভেরিফিকেশন সেবা প্রদানকারী কর্তৃক নিজ দায়িত্বে সম্পাদন করে চুক্তি স্বাক্ষরের দিন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করতে হবে।

১.২৭ অর্থ মন্ত্রণালয়ের এ সংক্রান্ত বিধিমালা/প্রজ্ঞাপন/সিদ্ধান্ত সকল প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণপূর্বক প্রস্তাব দাখিল করতে হবে। শর্তাবলীর বাইরের কোন বিষয়ে নিষ্পত্তির জন্য প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। দরপত্রে যে সকল বিষয় উল্লেখ নেই সে সব বিষয়ে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত যেকোন তথ্য সরকারি/বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১.২৮ **দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানটির সর্বশেষ ০২(দুই) বছরের সত্যায়িত অডিট রিপোর্ট দাখিল করতে হবে।**

১.২৯ **যে কোন তফশিলি ব্যাংক হতে ন্যূনতম ২,৩০,০০,০০০/-(দুই কোটি ত্রিশ লক্ষ) টাকার আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।**

১.৩০ দরপ্রস্তাব দাতা প্রতিষ্ঠান যে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে জনবল সরবরাহ করেছেন সে সব প্রতিষ্ঠান হতে প্রাক অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র দাখিল করতে হবে। **অসত্য তথ্য প্রদান বা উপস্থাপিত হলে দরপত্র জামানত/নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।**

১.৩১ **কার্য-সম্পাদন জামানত জমা প্রদান সংক্রান্ত :** সফল সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্য-সম্পাদন জামানত হিসাবে **মোট চুক্তিমূল্যের ১০% টাকা** জমা দিতে হবে। যা **কস্ট মেমোর** মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি-এর যে কোন শাখা হতে হিসাব নং-**৬০৩০১০১০০৩৬০৪**, হিসাবের নাম: **বায়না ও জামানত তহবিল**, মাভাবিপ্রবি, সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২-এ জমা দিতে হবে এবং মূল রশিদ দাখিল করতে হবে। কার্য-সম্পাদন জামানত চুক্তির মেয়াদ পর্যন্ত জমা থাকবে। কোনো ত্রুটি পরিলক্ষিত হলে/প্রমাণিত হলে কার্যাদেশ বাতিল ও ঠিকাদারের বিরুদ্ধে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে। জমাকৃত অর্থ সম্পূর্ণরূপে লভ্যাংশমুক্ত হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হবার পর কিংবা চুক্তির কার্যকারিতা শেষ হবার পর ও তদসময়ে ঠিকাদার বরাবরে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কোনরূপ দাবি/পাওনা না থাকা শর্তে সরবরাহকারীর লিখিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে সরবরাহকারীর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উক্ত জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে। কোন পাওনাদি থাকলে তা কর্তন করা হবে।

২. সরবরাহকৃত জনবলের বিবরণী ও অন্যান্য যোগ্যতা:

ক্র. নং	পদের নাম	সেবার ক্যাটাগরি	পদ সংখ্যা (টি/জন)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	অভিজ্ঞতা (ন্যূনতম)	শারীরিক যোগ্যতা
০১	পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	৪৪	১৮ বছর হতে ৬০ বছর	৮ম শ্রেণী	০২ বছর	বিএমডিসি রেজিস্ট্রেশকৃত একজন এমবিবিএস ডাক্তার কর্তৃক কাজের জন্য শারীরিকভাবে যোগ্য মর্মে বিবেচিত হতে হবে।
০২	নিরাপত্তা কর্মী	ক্যাটাগরি-৫	০৬		৮ম শ্রেণী	০২ বছর	
০৩	মালী	ক্যাটাগরি-৫	০৩		৮ম শ্রেণী	০২ বছর	
০৪	নিরাপত্তা প্রহরী	ক্যাটাগরি-৫	০৮		৮ম শ্রেণী	০২ বছর	
		মোট পদ	৬১টি				

রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন: ০৯২১-৬২৪০১, টেলি-ফ্যাক্স: ০৯২১-৬২১৬৯

৩. কর্মক্ষেত্রের বিবরণ

ক্রমিক নং	অনুষদ/বিভাগ/হল	সেবাকর্মীর পদবী	ক্যাটাগরি	সেবাকর্মীর সংখ্যা
০১	শেখ রাসেল হল (সন্তোষ, টঙ্গাইল)	পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	১০টি
		মালী	ক্যাটাগরি-৫	০১টি
০২	বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল (সন্তোষ, টঙ্গাইল)	পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	১০টি
		মালী	ক্যাটাগরি-৫	০১টি
০৩	ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদ (সিরাজগঞ্জ ক্যাম্পাস)	মালি	ক্যাটাগরি-৫	০১টি
		নিরাপত্তা কর্মী	ক্যাটাগরি-৫	০৬টি
		পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	০৪টি
০৪	বিভিন্ন বিভাগ, হল এবং ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদ (সিরাজগঞ্জ ক্যাম্পাস)	নিরাপত্তা প্রহরী	ক্যাটাগরি-৫	০৮টি
		পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	২০টি
			মোট	৬১টি

৪. সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের বিশেষ যোগ্যতা:

৪.১ কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডিআইএফই)-এর ন্যূনতম ডি ক্যাটাগরির যোগ্যতা হতে হবে।

৪.২ **Bangladesh Association of Contact Center & Outsourcing (BACCO)**-এর সনদ থাকতে হবে।

৪.৩ **International Organization for Standardization (ISO)**-এর সনদ থাকতে হবে।

৪.৪ **Basis Certificate** থাকতে হবে।